তারিখ ... 07 JUL 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

দৈনিক বাংলা

2৫7

৩৫

# শান্তিপূর্ণ পরিবেশে জাকসু নির্বাচন সম্পন্ন

।। স্টাফ রিপোর্টার ।।

নজিরবিহীন শান্তিপূর্ণ পরিবেশে গতকাল শনিবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (জাকসু) অষ্টম নির্বাচন সম্পন্ন হয়েছে। একই সঙ্গে ৬টি হল সংসদের নির্বাচনও এদিন অনুষ্ঠিত হয়।

সকাল ৮টায় ৬টি হলের ৯৩টি বুথে একযোগে ভোট গ্রহণ শুরু হয় এবং শেষ হয় বিকাল ৩টায়। ছাত্র-ছাত্রীরা নিজ নিজ হলের পরিচয়পত্র দেখিয়ে ভোট দেন। ভোট গ্রহণ শেষে গণনার বাক্স কলা ভবনে নিয়ে যাওয়া হয়।

নির্বাচনে সর্বমোট ২ হাজার এক শ' ৮৮ জন ভোটারের মধ্যে এক হাজার ৮ শ' ৪১ জন ভোটাধিকার

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## নির্বাচন সম্পন্ন

(প্রথম পৃষ্ঠার পর)

প্রয়োগ করেন। প্রদত্ত ভোটের হার শতকরা ৮৪ দশমিক ১৫ ভাগ। সবচেয়ে বেশী ভোট পড়ে শহীদ সালাম বরকত হলে। এ হলে গৃহীত ভোটের হার শতকরা ৮৭ দশমিক ৭৫ ভাগ। ফজিলাতুন্নেসা হলে সবচেয়ে কম ভোট গৃহীত হয়। এ হলের ভোটের হার শতকরা ৮২ দশমিক ৫৮ ভাগ।

জাকসু নির্বাচনে এবার তিনটি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করে। এর মধ্যে রয়েছে ছাত্র সংগ্রাম পরিষদের যৌথ প্যানেল 'জাহাঙ্গীর-সজল' পরিষদ, জাতীয়তাবাদী ছাত্রদলের 'মনির-মাসুম' পরিষদ এবং সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের 'কালাম-কামাল' পরিষদ। দু'টি হল সংসদে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট এবং একটি হলের দু'টি পদে জাতীয়তাবাদী ছাত্রদল কোন প্রার্থী দিতে পারেনি। ইসলামী ছাত্র শিবির জাকসু কিংবা হল সংসদসমূহের নির্বাচনে অংশ নেয়নি।

জাকসু ও ৬টি হল সংসের ৯৪টি পদের জন্য সর্বমোট ৩ শ' ৯৮ জন প্রার্থী ভোটযুদ্ধে অবতীর্ণ হন। এর মধ্যে জাকসুর ১৬টি পদে ১৩১ জন এবং ৬টি হল সংসদের ৭৮টি পদে ২৬৭ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেছেন। ফজিলাতুন্নেসা হল সংসদের মিলনায়তন সম্পাদিকা পদে ছাত্র সংগ্রাম পরিষদের প্রার্থী বাসন্তী লতা দাস বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। এ পদে আর কোন প্রার্থী ছিল না।

নির্বাচন উপলক্ষে ক্যাম্পাসে কড়া নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়। নির্বাচন কমিশনের দেয়া পাস ছাড়া কোন যানবাহন বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করতে দেয়া হয়নি। ঢাকা থেকে আগত ছাত্র-ছাত্রীদের বিশ্ববিদ্যালয় গেটসমূহে পরিচয়পত্র দেখিয়ে প্রবেশ করতে হয়। প্রবেশের সময় তাদের দেহ তল্লাশীও করা হয়।

যে কোন ধরনের সন্ত্রাসী তৎপরতা প্রতিহত করার জন্যে একজন এসপি'র নেতৃত্বে বিশ্ববিদ্যালয় এলাকায় প্রায় দেড় হাজার পুলিশ মোতায়েন করা হয়। বাস, ট্রাক ও মাইক্রোবাসে করে পুলিশ সারাদিন ক্যাম্পাসে টহল দেয়।

ভোট গ্রহণ চলাকালে বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর কাজী সালেহ আহমেদ বিভিন্ন হলে ভোটকেন্দ্রগুলি পরিদর্শন করেন। সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে ভোট গ্রহণ সম্পন্ন হওয়ায় তিনি সন্তোষ প্রকাশ করেন।

গতকাল রাত ৯টায় কলা ভবনে ভোট গণনা শুরু হয়। এ রিপোর্ট লেখা পর্যন্ত ভোট গণনা চলছিল। নির্বাচন কমিশন জানিয়েছে, আজ রোববার সকালে প্রধান নির্বাচন কমিশনার প্রফেসর এনামুল হক খান নির্বাচনের বেসরকারী ফলাফল ঘোষণা করবেন।